



## জগন্নাথ বিশ্ববিদ্যালয়

তারিখ : ০৪ সেপ্টেম্বর, ২০১৯

জবি/প্রশা-১৩/২০০৮/৩৬৫৫(১)

### নিয়োগ বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তার শূন্যপদ পূরণের লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.jnu.ac.bd](http://www.jnu.ac.bd) হতে সংগ্রহ করা যাবে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

ক্রম.	পদের নাম ও বেতন স্কেল (জাঃবেঃক্ষেঃ-২০১৫)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সহকারী কম্পিউটার প্রোগ্রামার টাকা ২২০০০-৫৩৬০/-	২ (দুই) টি	ক) প্রার্থীকে অবশ্যই যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন টেকনোলজি/সফটওয়্যার/ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/টেলিকমিউনিকেশন/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স/এ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স বিষয়ে ৪ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রীধারী হতে হবে। প্রার্থীর অবশ্যই Programming Language যেমন : PHP, JAVA, JAVA Script, Shell Script, Codeigniter, FPDF; Database Programming Language যেমন : MySQL Database, Oracle, TSQL, MongoDB; Development Environment: Centos (OS); RestAPI, Payment Gateway (bKash, Rocket, SureCash) বিষয়ে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অথবা, প্রার্থীকে অবশ্যই যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন টেকনোলজি/সফটওয়্যার/ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/এ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স বিষয়ে ৩ বছরের স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। প্রার্থীর অবশ্যই Programming Language যেমন : PHP, JAVA, JAVA Script, Shell Script, Codeigniter, FPDF; Database Programming Language যেমন : MySQL Database, Oracle, TSQL, MongoDB; Development Environment: Centos (OS); RestAPI, Payment Gateway (bKash, Rocket, SureCash) বিষয়ে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে এবং কোন স্তরেই ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ) বয়স সর্বোচ্চ ৩২ বছর।
০৩	ডেমনস্ট্রেটর (সেকশন অফিসার গ্রেড-২/সমমান) (চারুকলা বিভাগের জন্য) টাকা ১৬০০০-৩৮৬৪০/-	০১ (এক) টি	ক) পাবলিক বিশ্ববিদ্যালয় হতে প্রার্থীর ড্রইং এন্ড পেইন্টিং বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী ও কম্পিউটারে ডিপ্লোমা থাকতে হবে। খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ১ (এক) বছর কাজের বাস্তব অভিজ্ঞতাসহ চিত্র প্রদর্শনীর অভিজ্ঞতা থাকতে হবে। গ) কম্পিউটারের অভিজ্ঞতায় বিশেষ করে মাইক্রোসফট অফিস, এডোবি ইলাস্ট্রেটর, এডোবি ফটোশপ, ম্যাক্স, অটোক্যাড এবং ফ্লাশ এনিমেশন-এ পারদর্শী হতে হবে।

### সাধারণ শর্তাবলী :

১. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.jnu.ac.bd](http://www.jnu.ac.bd) হতে আগামী ২৬/০৯/২০১৯ তারিখের মধ্যে নির্ধারিত আবেদন ফরম (২টি পৃথক ফরম) সংগ্রহ করতে হবে এবং একই তারিখের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় সকাল ৮.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত) আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস-এর মাধ্যমে/সরাসরি) পৌছাতে হবে।
২. নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান প্রতিপালিত হবে। বাছাই বোর্ডের সদস্যদের সাথে ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
৩. শিক্ষাগত যোগ্যতার সনদ, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সংক্রান্ত সনদপত্র, জাতীয় পরিচয় পত্র-এর সত্যায়িত প্রতিলিপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩(তিন) কপি সত্যায়িত ছবি সম্বলিত ০৮(আট) সেট আবেদনপত্র দাখিল করতে হবে।
৪. আবেদনপত্রের সাথে 'ট্রেজারার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা' শিরোনামে অগ্রণী ব্যাংক লিঃ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, ঢাকা-এর অনুকূলে ৪০০.০০ (চারশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে।
৫. চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।
৬. কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।
৭. প্রার্থীদের অবশ্যই বাংলা ও ইংরেজি টাইপে দক্ষতাসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।
৮. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে অনর্জনযোগ্য (unattainable) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে কোন একটি শর্ত শিথিলযোগ্য।
৯. বিজ্ঞাপিত পদে সরাসরি কর্মকর্তা/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর সর্বমোট সক্রিয় চাকরিকাল/অভিজ্ঞতা নিরূপন করার সময় অন্য প্রতিষ্ঠানের চাকরিকাল নিম্নরূপভাবে গণনা করা হবে :  
ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে চাকরিকালের ৭৫% তবে স্ব-পদের/ফিডার পদের পূর্ণ চাকরিকালসহ সর্বোচ্চ ১২ বছর;  
খ) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিকালের ৬০% তবে সর্বোচ্চ ১০ বছর;  
গ) সরকারি ব্যাংক/সরকারি উন্নয়ন প্রকল্প ও এমপিওভুক্ত স্কুল কলেজের ইনডেক্সধারী ব্যক্তির চাকরিকালের ৫০% তবে সর্বোচ্চ ১০ বছর;  
ঘ) একজন কর্মকর্তা/কর্মচারীকে যোগদানের ছয় মাসের মধ্যে অতীত চাকরিকাল গণনার জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদন করতে হবে;  
ঙ) কোন প্রকার খন্ডকালীন অথবা চুক্তিভিত্তিক অথবা বেসরকারি প্রতিষ্ঠানের চাকরির সময়কাল চাকরিকাল হিসেবে গণনা করা হবে না।  
উল্লেখ্য, গত ০৩/১২/২০১৫ তারিখে অনুষ্ঠিত সিডিকিটের ৭০-তম সভার পূর্বে যে সকল কর্মকর্তা/কর্মচারী জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চাকরিতে যোগদান করে কর্মরত আছেন তাদের ক্ষেত্রে ৯ নং শর্ত প্রযোজ্য হবে না।
১০. জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
১১. পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১২. লিখিত পরীক্ষায়/সাক্ষাৎকার-এ অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

স্বাক্ষরিত/- ০৪/০৯/২০১৯  
(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)  
রেজিস্ট্রার